অতঃপর বাম হস্তে ত্রিখন্ডমুদ্রায় সম্বিদাপাত্র উত্তোলন করিয়া দেবীর উদ্দেশ্যে দেবীযন্ত্রোপরি বা বিহিত আধারোপরি কিঞ্চিত বিজয়া ঢালিয়া দিয়া দেবীর নিকট জুহোমি বলিয়া আজ্ঞা প্রার্থণা করিয়া মনে মনে চিন্তা করিবে জুষস্ব বলিয়া দেবী আজ্ঞা দিয়াছেন । এইরূপ চিন্তা পুর্ব্বক নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া নিজ মুখে কুন্ডলিনী কে আনয়ন করিয়া তাহাতে আহুতি দিবে ।

মন্ত্র যথা - **ঐং বদ বদ বাগ্‌বাদিনি মম জিহ্বাগ্রে স্থিরিভব । সর্ব্বসত্ত্বশঙ্করী স্বাহা ।।**

কারণ ও সকল প্রকার শুদ্ধি শোধন

সুধা-কলস স্থাপন -

স্ববামে বিন্দুগর্ভ ষট্‌কোনমন্ডল তদ্বহির বৃত্ত তদ্বহির চতুষ্কোন মন্ডল অঙ্কন করিয়া গন্ধপুষ্প দ্বারা ওই মন্ডলের পূজা করিবে -



ওঁ এতেগন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্য নমঃ ।

ফট্ মন্ত্রে কলসের আধার প্রোক্ষণ করিয়া **নমঃ** মন্ত্রে মন্ডলোপরি স্থাপন করিবে ।

মং এতে গন্ধপুষ্পে বহ্নিমন্ডলায় দশকলাত্মনে নমঃ মন্ত্রে কলসের আধারের পূজা করিবে ।

ফট্ মন্ত্রে কলস প্রোক্ষণ করিয়া **নমঃ** মন্ত্রে দেবীর স্বরূপ কলস চিন্তা করিয়া আধারোপরি স্থাপন করিবে ।

(কলস সিন্দুর পুষ্পমাল্য ও রক্তবস্ত্রদারা সুন্দর ভাবে সজ্জিত করিবে ।)

অং এতে গন্ধপুষ্পে অর্কমন্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ । মন্ত্রে গন্ধপুষ্প দ্বারা কলসের পূজা করিবে ।

অতঃপর মূলমন্ত্র পুটিত বিলোমমাতৃকা পাঠ করিতে করিতে কলস কারণামৃত দ্বারা পূরণ করিবে -

(বিলোম মাতৃকা - ক্ষং ,লং, হং ,সং, ষং ,শং ,বং ,লং ,রং ,যং ,মং ,ভং ,বং ,ফং ,পং ,নং ,ধং ,দং , থং ,তং ,ণং ,ঢং ,ডং ,ঠং ,টং ,ঞং ,ঝং ,জং ,ছং ,চং ,ঙং ,ঘং ,গং ,খং ,কং ,অঃ ,অং ,ঔং ,ওং , ঐং ,এং ,৯৯ং ,৯ং ,ৠং ,ঋং ,ঊং ,উং ,ঈং ,ইং ,আং ,অং)

উং এতে গন্ধপুষ্পে সোমমন্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ । মন্ত্রে কলসস্থ অমৃতের পূজা করিবে ।

অতঃপর নিম্নোক্ত পঞ্চমুদ্রায় দেবীস্বরূপ সুধাকলসকে প্রণাম করিবে -

১. **চতুরস্র মুদ্রা** (অঙ্গুলি সমুদায় প্রসারিত করিয়া করতলদ্বয় অধোমুখে ভূমিতে স্থাপন করিবে) - **হ্রীং নমঃ** ।

২. **বৃতাখ্যা মুদ্রা** (ভূমিতে পুটাকার করতলদ্বয় অধোমুখ স্থাপন করিবে) - **হ্রীং নমঃ** ।

৩. **সংপুটাখ্যা মুদ্রা** (করদ্বয় কৃতাঞ্জলিপুট করিয়া ভূমিতে স্থাপন করিবে) - **হূং নমঃ** ।

৪. **সংপুটাঞ্জলি মুদ্রা** (উপরুক্ত সংপুট মুদ্রার কনিষ্ঠাদ্বয়ে অঙ্গুষ্ঠদ্বয় স্থাপন করিবে) - **ব্লুং নমঃ** ।

৫. **যোনি মুদ্রা - সঃ নমঃ** ।

পথিক দেবতার বলি

কলসের পাশে ঊর্ধ্বমুখত্রিকোন , বৃত্ত , চতুরাস্র্য মন্ডল অঙ্কন করিয়া মধ্যে **হূং** বিজ লিখিয়া ওই মন্ডলের উপর গন্ধপুষ্প দ্বারা পথিক দেবতাগনের পূজা করিবে -

ওঁ এতে গন্ধপুষ্পে সর্ব্বপথিকদেবতাভ্যো নমঃ ।

ইহার পর নূতন মৃৎ পাত্রে ** মাংস , মৎস , মুদ্রা ** ও কিঞ্চিত সামান্যার্ঘ্য জল রাখিয়া মন্ডলোপরি স্থাপন করিয়া অর্চ্চণান্তে নিম্নোক্ত মন্ত্র বলিয়া বলির উপর বাম হস্তে তত্ত্বমুদ্রায় সামান্যার্ঘ্য জলের ছিটা দিবে -

হ্রীং শ্রীং সর্ব্বপথিকদেবতাভ্যো নমঃ এষ বলিঃ সর্ব্বপথিকদেবতাভ্যো নমঃ ।

অতঃপর বলিপাত্র বামহস্তে উধৃত করিয়া সুধা কলসোপরি ৩ বার ঘুরাইয়া পূজাস্থানের বাহির্দেশে পশ্চিমদিকে নিঃক্ষেপ করিবে ।

(** এই স্থলে সন্দেহ হইতে পারে যে , অসংস্কৃত দ্রব্যই বুঝি নিবেদিত হইল । পরন্তু সামান্যকান্ড্যে দেবতা ও পূজাদ্রব্য শুদ্ধিকালে মূলমন্ত্রেন্তে ফট্ মন্ত্রে শোধিত হইয়েছে । কিন্তু যদি পূজার শুরুর সময় হইতে মাংসাদি দ্রব্য পূজাস্থানে নিয়ে বসা না হইয়া থাকে তাহা হইলে মাংসাদি দ্রব্য পূজাস্থানে স্থাপনের পরেই **ক্রীং ফট্** মন্ত্রে সকল দ্রব্যে জলের ছিটা দিয়া **বং** মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শণ করাইয়া তাহা সামান্য বিধানে শোধন করিয়া লইতে হইবে । **)

পঞ্চিকরণ , হেসৌঁ মন্ডল অঙ্কন , অভিমন্ত্রণ

পুনরায় আচমন করিয়া মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক প্রজ্বলিত ধূপ প্রদর্শণ করাইয়া সুধাকলস ও সকলদ্রব্য সুধুপিত করিয়া পঞ্চিকরণ করিবে

ফট্ মন্ত্রে কুশদ্বারা **তাড়ণ**

হূং মন্ত্রে **অবগুন্ঠনমুদ্রা** প্রদর্শণ

মূলমন্ত্র উচ্চারণ করিয়া **বিক্ষন**

নমঃ মন্ত্রে ৩ বার **অভ্যুক্ষন**

ওঁ মন্ত্রে **গন্ধ** প্রদাণ করিবে

মূলমন্ত্রে বলিয়া ৩ বার প্রশ্বাসের সহিত দ্রব্যের সুঘ্রাণ গ্রহন করিবে

"ওঁ" মন্ত্রে কলসে **গন্ধপুষ্প দিবে** ।

কুশ দ্বারা কারণে **অধোমুখ ত্রিকোন** অঙ্কিত করিয়া সেই ত্রিকোণের **বামরেখায়** (নিজের দক্ষিণ ভাগস্থ রেখায়) **অ থেকে অঃ** পর্যন্ত ১৬ টি বর্ণ , **উর্ধ্বরেখায় ক থেকে ত** পর্যন্ত ১৬ টি বর্ণ ও বাম রেখায় (নিজের দক্ষিণভাগস্থ রেখায়) **থ থেকে স** পর্যন্ত ১৬ টি বর্ণ বিন্দুযুক্ত করিয়া লিখিবে । পরে **অধ কোণে হং** , ঊর্ধ্ববাম কোণে (নিজের দক্ষিণদিকের কোণে) **লং** , ঊর্ধ্ব দক্ষিণ কোণে (নিজের বামদিকের কোণে) **ক্ষং** ও মধ্যে **হেসৌঁ** লিখিবে । কেবল বর্ণসমুদায় উচ্চারণ করিতে করিতে কুশদ্বারা বর্ণ লিখিত হইল ভাবিতে হইবে ।



এইরূপ হেসৌঁ মন্ডল অঙ্কন করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা ওই মন্ডলের পূজা করিবে -

ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে হেসৌঁঃ মন্ডলায় নমঃ ।

কলস স্পর্শ করিয়া **হংসবতি ঋক্** মন্ত্র **১** বার বা **৩** বার পাঠ করিবে -

মন্ত্র যথা - **ওঁ হংসঃ শুচিসদ্বসুরন্তরিক্ষসদ্-হোতা বেদিষদতিথির্দুরোণসৎ ।**
নৃষদ্বরসদৃতসদ্যোমসদ্ - অব্জা গোজা ঋতজা অদ্রিজা ঋতং বৃহৎ ।।

গন্ধপুষ্প দ্বারা কলসে বামদেব এবং পশুপতির পূজা করিবে ।

ওঁ বং বামদেবায় বৌষট্ এতেগন্ধপুষ্পে বামদেবায় নমঃ ।
ওঁ হূং পশুপতয়ে অস্ত্রায় হূং ফট্ এতেগন্ধপুষ্পে পশুপতয়ে নমঃ ।

নিম্নোক্ত মন্ত্রত্রয় পাঠ করিয়া **৩ বার অভিমন্ত্রিত** করিয়া শক্রাদিশাপ বিমোচন করিবে (প্রত্যেক মন্ত্র পাঠের পর সুধাঘটে কুশোদক দিবে)

১. ওঁ একমেব পরং ব্রহ্ম স্থুলসূক্ষ্মময়ং ধ্রুবম্ । কচোদ্ভবাং ব্রহ্মহত্যাং তেন তে নাশয়াম্যহম্ ।।
২. ওঁ সূর্য্যমন্ডল সম্ভূতে বরুণালয় সম্ভবে । অমাবীজময়ে দেবী শুক্রশাপাদ্বিমুচ্যতাম্ ।।
৩. ওঁ বেদানাং প্রণবো বিজং ব্রহ্মানন্দময়ং যদি । তেন সত্যেন তে দেবী ব্রহ্মহত্যা ব্যাপোহতু ।।

সুধাঘট স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

ওঁ শাং শীং শূং শৈং শৌং শঃ শুক্রশাপং বিমোচয় অমৃতং স্রাবয় স্রাবয় স্বাহা ।
ওঁ বাং বীং বূং বৈং বৌং বঃ ব্রহ্মশাপবিমোচিতায়ৈ সুধাদেব্যৈ নমঃ ।
হ্রীং শ্রীং ক্রাং ক্রীং ক্রূং ক্রৈং ক্রৌং ক্রঃ সুধাকৃষ্ণশাপং মোচয় অমৃতং স্রাবয় স্রাবয় স্বাহা ।।

অঙ্কুশমুদ্রায় কলস মধ্যে তীর্থাবাহন করিবে -

ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতিঃ । নর্ম্মদে সিন্ধোকাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু ।।

কলস স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

হ্রীং ক্রীং পরমস্বামিনি পরমাকাশশূন্যবাহিনি চন্দ্রসূর্য্যাগ্নিভক্ষিনি পাত্রং বিশ বিশ স্বাহা ।

কলসোপরি সুধা গায়ত্রী দশ বার জপ করিবে -

ঐং হ্রীং শ্রীং আনন্দেশ্বরায় বিদ্মহে সুধা দেব্যৈ ধীমহি তন্নোঽর্দ্ধনারীশ্বরঃ প্রচোদয়াৎ ।

কলস স্পর্শ করিয়া **৩ বার** নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে -

হ্রীং শ্রীং শাং শীং শূং শৈং শৌং শঃ ছুরিকাবেতি শোভিনি বিকারমস্য দ্রবস্য হর হর স্বাহা ।
হ্রীং শ্রীং ঐং অমৃতে অমৃতবর্ষিনি মহাপ্রকাশযুক্তে স্বাহা ।

অতঃপর সচন্দনপুষ্প গ্রহণ করিয়া তিরস্করিনীর ধ্যাণ করিবে

ওঁ নীলং হয়ং সমাধিরুহ্য পুরঃ প্রায়ান্তী নীলাংশুকাভারণ-মাল্য বিলেপনাঢ্যা ।
নিদ্রাপুটেন ভুবনানি তিরোদধানা খড়্গায়ুধা ভগবতী পরিপাতু ভক্তান ।।

ধ্যানান্তে পুষ্প কলসোপরি দিবে ।

কলস স্পর্শ করিয়া তিরস্করিনিমন্ত্র **৩ বার** জপ করিবে -

হ্রীং ক্লীং ঐং গ্লৈং তিরস্করিনি সকলজনবাগ্বাদিনি সকল পশুব্রাতজন
মনশ্চক্ষুঃশ্রোত্র-জিহ্বাঘ্রানোক্তি তিরস্করিনীং কুরু কুরু ঠঃ ঠঃ স্বাহা ।

কলস স্পর্শ করিয়া পাবনী মন্ত্রপাঠ পূর্ব্বক সুধামৃত পাবন করিবে -

ওঁ পাবমানঃ পরানন্দঃ পাবমানঃ পরোরসঃ । পাবমানং পরং জ্ঞানং তেনত্বাং পাবয়াম্যহম্ ।।

অতঃপর **যং** বীজ উচ্চারণ করিয়া সুধাঘটে জলের ছিটা দিয়া সর্ব্বদোষ শোষণ করিবে , **রং** বীজ উচ্চারণ করিয়া সুধাঘটে জলের ছিটা দিয়া সর্ব্বদোষ দহন করিয়া **ধেনুমুদ্রা প্রদর্শণ** পূর্ব্বক অমৃতিকরণ করিয়া **যোনিমুদ্রা** প্রদর্শণ করিবে ।

কলস মধ্যে অমৃত চিন্তা করিয়া কলস স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

হ্রীং শ্রীং অং আং ঐং অমৃতে অমৃতোদ্ভবে অমৃতবর্ষিনি অমৃতং স্রাবয় অমৃতং স্রাবয় স্বাহা ।

অতঃপর গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে - **আং ঙং সং অমৃতেশ্বর্য্যৈ নমঃ এতেগন্ধপুষ্পে অমৃতেশ্বর্য্যৈ নমঃ ।।**

কলসোপরি **কুর্ম মুদ্রা** প্রদর্শণ করিয়া কলসোপরি **৭ বার মূলমন্ত্র জপান্তে** করিয়া কলসের মধ্যে **কর্পূরাদি সুগন্ধি** দ্রব্য দিবে ।

ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা মন্ত্রে যোনি মুদ্রা প্রদর্শণ করিবে ।

কলসোপরি **আনন্দভৈরবের পূজা** করিবে - গন্ধপুষ্প গ্রহণ করিয়া কুর্ম মুদ্রায় ধ্যান করিবে -

আনন্দভৈরবের ধ্যান -

ওঁ সূর্যকোটি প্রতীকাশং চন্দ্রকোটিসুশীতলং । অষ্টাদশভুজং দেবং পঞ্চবক্ত্রং ত্রিলোচনং।।
অমৃতার্ণবমধ্যস্থং ব্রহ্মপদ্মোপরিস্থিতম্ । বৃষারূঢ়ং নীলকণ্ঠং সর্ব্বাভরণভূষিতম্ ।।
কপালখট্টাঙ্গধরং ঘন্টাডমরুবাদিনম্ । পাশাঙ্কুশধরং দেবং গদামুষলধারিণম্ ।।
খড়্গ-খেটক-পট্টীশ-মুদগরৈঃ-শূলদন্ডধৃক । বিচিত্র খেটকৈর্মুন্ডবরদাভয়পানিনম্ ।।
লোহিতং দেবদেবেশং ভাবয়েৎ সাধকোত্তমঃ ।।

ধ্যানান্তে আবহন করিয়া পঞ্চোপচারে পূজা করিবে । (মন্ত্র - **হসক্ষমলবরয়ূঁং আনন্দভৈরবায় বষট্**)

কলসোপরি **আনন্দভৈরবীর পূজা** করিবে - গন্ধপুষ্প গ্রহণ করিয়া কুর্ম মুদ্রায় ধ্যান করিবে -

আনন্দভৈরবীর ধ্যান -

ওঁ ভাবয়েচ্চ সুধাং দেবীং চন্দ্রকোট্যযুতপ্রভাং । হিমকুন্দেন্দুধবলাং পঞ্চবক্ত্রাং ত্রিলোচনাং ।।
অষ্টাদশভুজৈর্যুক্তাং সর্ব্বানন্দকরোদ্যতাম্ । প্রহসন্তীং বিশালাক্ষীং দেবদেবেশসম্মুখিম্ ।।
কপালখট্টাঙ্গধরাং ঘন্টাডমরুবাদিনীম্ । পাশাঙ্কুশধরাং দেবীং গদামুষলধারিণীম্ ।।
খড়্গ-খেটক-পট্টীশ-মুদগরৈঃ-শূলদন্ডধৃক । বিচিত্রখেটকৈর্মুন্ডবরদাভয়পাণিনীম্ ।।
লোহিতাং দেবদেবেশীং ভাবয়েৎ সাধকোত্তমঃ ।।

ধ্যানান্তে আবহন করিয়া পঞ্চোপচারে পূজা করিবে । (মন্ত্র - **সহক্ষমলবরয়ীং আনন্দভৈরব্যৈ বৌষট্**)

অনন্তর মূলাধারে ত্রিকোণে কুলকুন্ডলিনীর ধ্যান করিবে -

কুলকুন্ডলিনীর ধ্যান - **ওঁ প্রসুপ্তভূজগাকারাং স্বয়ম্ভুলিঙ্গমাশ্রিতাম্ ।**
বিদ্যুৎকোটীপ্রভাং দেবীং বিচিত্রবসনান্বিতাম্ ।
শৃঙ্গারাদি-রসোল্লাসাং সর্ব্বদা কারণপ্রিয়াম্ ।।

সুষুম্না পথে সহস্রারে হংসঃ সোহহং স্বাহা মন্ত্রে পরমশিবের সহিত সংযোগ ও সেই শিবশক্তি সামরস্যরূপ অমৃত সুধাঘটে যোগ হইল চিন্তা করিয়া কারণ অমৃতময় চিন্তা করিবে ।

সুধাকলসোপরি বরুণের পূজা করিবে -

ওঁ বাং বীং বূং বৈং বৌং বঃ বরুণায় নমঃ এতে গন্ধপুষ্পে বরুণায় নমঃ ।

অতঃপর পুনরায় -

যং মন্ত্রে জলের ছিটা দিয়া দোষ শোষণ

রং মন্ত্রে জলের ছিটা দিয়া দোষ দহন

বং মন্ত্রে **ধেনু** ও **যোনি মুদ্রা** প্রদর্শণ

ফট্ মন্ত্রে ঊর্দ্ধোর্দ্ধ তালত্রয় দিয়া রক্ষা বিধান

ছোটিকার দ্বারা দশদিক বন্ধন

পরমীকরণ মুদ্রা প্রদর্শণ

হূং মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা প্রদর্শণ

মৎস্য মুদ্রায় ঘটাচ্ছদন করিয়া **বং** এই বরুণবীজ ও **মূলমন্ত্র ৮** বার জপ করিবে ।

ইহার পর সুধাঘট হইতে কিঞ্চত অমৃত সামান্যার্ঘ্য জলে মিশ্রিত করিয়া লইবে ।

(বিঃদ্রাঃ - পূজা সমাপ্তি পর্যন্ত সুধাকলস সঞ্চালিত করিবে না ।)

নিজ বামে ভূমিতে বিন্দুগর্ভত্রিকোনমন্ডল তদ্বহির বৃত্ত তদ্বহির চতুষ্কোণ মন্ডল অঙ্কন করিয়া তাহার উপর শুদ্ধিপাত্র (যাহাতে মাংস , মৎস ও মুদ্রা থাকিবে) স্থাপন করিবে । অতঃপর -

ফট্ মন্ত্রে শুদ্ধিপাত্রস্থ সকল দ্রব্য **প্রোক্ষণ**

হূং মন্ত্রে **অবগুণ্ঠন মুদ্রা** প্রদর্শণ

বং মন্ত্রে **ধেনুমুদ্রা** প্রদর্শণ পূর্ব্বক অমৃতিকরণ

মৎস্যমুদ্রায় আচ্ছাদন করিয়া **৭** বার **মূলমন্ত্র জপ** করিবে ।

মাংস শোধন - মাংস স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

ওঁ প্রতদ্বিষ্ণুস্তবতে বীর্যেণ মৃগো ন ভীমঃ কুচরো গিরিষ্ঠা ।
যস্যোরুষু ত্রিষু বিক্রমণে ষ্বধিক্ষিয়ন্তি ভুবনানি বিশ্বাঃ ।।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া মাংসের উপর সামান্যার্ঘ্য জল দ্বারা অভ্যুক্ষণ করিবে ।

ওঁ কলামাংসং মহামাংসং মাংসং ছাগাদিকস্য চ । যোষাবর্জ্জং সর্ব্বমাংসং কালিকাসিদ্ধিহেতবে ।।
পরমানন্দদঞ্চৈতৎ মাংসং পরমকারণং । কালিকায়াঃ প্রিয়ং দ্রব্যং সর্ব্বদোষং বিহায় চ ।।
ওঁ হৌং ক্ষৌং মাংসং মহামাংসং শোধয় শোধয় হৌং ক্ষৌং স্বাহা ।

মৎস্য শোধন - মৎস্য স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

ওঁ ত্র্যম্বকং যজামহে সুগন্ধিং পুষ্টিবর্ধনম্ ।
উর্বারুকমিব বন্ধনান্মৃত্যোর্মূক্ষীয় মামৃতাৎ ।।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া মৎস্যের উপর সামান্যার্ঘ্য জল দ্বারা অভ্যুক্ষণ করিবে ।

ওঁ যদা হীরণ্যরূপঞ্চ অন্ডজং বিষ্ণুরূপিণং । মহাহিবলয়ং দেবং মৎস্য-রূপিণমব্যয়ম্ ।
মহামহতি বিখ্যাতং মীনং কালীপ্রিয়ং সদা ।
ওঁ হ্রীং ক্লীং ম্লৌং ব্লং সঃ ইমং মীনং শোধয় শোধয় স্বাহা ।।

মুদ্রা শোধন - মুদ্রা স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

ওঁ তদ্বিষ্ণুঃ পরমং পদং সদা পশ্যন্তি সুরয়ঃ । দিবীব চক্ষুরাততম্ ।।
বিপণ্যবো জাগৃবাংসঃ সমিন্ধতে বিষ্ণুর্যৎ পরমংপদম ।।

নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া মৎস্যের উপর সামান্যার্ঘ্য জল দ্বারা অভ্যুক্ষণ করিবে ।

ওঁ শ্রীদেব্যার্চ্চণকালে তু যানি যানীহ সাম্প্রতং ।
বস্তুনি সুরভীয়ানি পবিত্রানীহ সিদ্ধয়ে ।।

শেষতত্ত্ব শোধন - যোনি মুদ্রা প্রদর্শণ পূর্ব্বক নিম্নোক্ত মন্ত্র পাঠ করিবে -

ওঁ যোনিবিদ্যাং মহাবিদ্যাং কামাখ্যাং কামদায়িনীং ।
তৎসুসিদ্ধিপ্রদাং দেবীং কামবীজাত্মিকাং পরাং ।।
ওঁ ক্লীং কামেশ্বরি মহামায়ে ক্লীং কালিকায়ৈ নমঃ ।
ওঁ যোনিবিদ্যাং মহাবিদ্যাং চতুর্ব্বর্গ প্রদায়িণীং ।
কুলাকুলাদি বিজ্ঞানে কালী নামতরোর্মতে ।।
ওঁ ক্ষৌং দ্রৌং দ্রঃ যোনিবিদ্যে যোনিসিদ্ধে যোনিকারণকারিকে ।
কামদা কামিনীজ্ঞেয়া তত্ত্ব মধ্যে মহামতা ।।
ওঁ সৌঃ বালে বালে ত্রিপুরাসুন্দরি যোনিরূপে মম সর্ব্বসিদ্ধিং দেহি যোনিমুক্তং কুরু কুরু স্বাহা ।।

শ্রীপাত্র স্থাপন

করজোড় করিয়া দেবীর থেকে মনে মনে আজ্ঞা প্রার্থণা করিবে ও দেবীর আজ্ঞা পাহিয়াছ চিন্তা পূর্ব্বক বলিবে -

আজ্ঞাপয় মহাদেবীং শ্রীপাত্রাদিকং স্থাপয়ামি ।

অতঃপর দেবীর সম্মুখে যেইস্থানে শ্রীপাত্র স্থাপন হইবে সেইস্থানে **ভূমিতে হূং** গর্ভ **ত্রিকোণ, তদ্বহির ষট্‌কোণ , তদ্বহির চতুষ্কোণ** মন্ডল অঙ্কন করিবে -

(মূলমন্ত্র) ফট্ মন্ত্রে অঙ্কিত মন্ডল প্রোক্ষণ করিবে

চতুরস্রমন্ডলের পূজা - **ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে পূং পূর্ণশৈলপীঠাদিভ্যঃ নমঃ** ।

বা

(চতুষ্কোণ মন্ডলের নিম্ন রেখায় - ***ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে পূং পূর্ণশৈল-পীঠায় নমঃ ।***
চতুষ্কোণ মন্ডলের বাম রেখায় - ***ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে উং উড্ডীয়ান্-পীঠায় নমঃ ।***
চতুষ্কোণ মন্ডলের উর্দ্ধ রেখায় - ***ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে জাং জলন্ধর-পীঠায় নমঃ ।***
চতুষ্কোণ মন্ডলের দক্ষিণ রেখায় - ***ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে কাং কামরূপ-পীঠায় নমঃ ।)***

অঙ্কিত মন্ডলের ষট্‌কোণে পূজা - **ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া ষড়ঙ্গদেবতাভ্যো নমঃ** ।

অঙ্কিত মন্ডলের ত্রিকোণে পূজা - **(মূলমন্ত্র) এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।**

অঙ্কিত মন্ডলের ত্রিকোণের মধ্যে পূজা - **ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে আং আধারশক্তয়ে নমঃ ।**

শ্রীপাত্রের আধার স্থাপন ও পূজা -
আধারের মধ্যে বিন্দুগর্ভ ত্রিকোণমন্ডল তদ্বহির বৃত্ত তদ্বহির ষট্‌কোণমন্ডল অঙ্কন করিয়া **ফট্ মন্ত্রে আধার প্রোক্ষণ** পূর্ব্বক **নমঃ মন্ত্রে ভূমিতে অঙ্কিত মন্ডলের উপর আধার স্থাপন** করিবে ।



গন্ধপুষ্প দ্বারা আধারে দশকলার পূজা করিবে -

ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে মং বহ্নিমন্ডলস্থ দশকলাভ্যো নমঃ ।

ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে মং বহ্নিমন্ডলায় দশকলাত্মনে অর্ঘ্যপাত্রাসনায় নমঃ ।

ষটকোণে পূজা - **ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া ষড়ঙ্গদেবতাভ্যো নমঃ ।**

মধ্যে পূজা - **(মূলমন্ত্র) এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।**

আধারের উপর শ্রীপাত্র স্থাপন ও পূজা -

পাত্রের মধ্যে বিন্দুগর্ভ ত্রিকোণমন্ডল তদ্বহির বৃত্ত তদ্বহির ষট্‌কোণমন্ডল অঙ্কন করিয়া **ফট্ মন্ত্রে পাত্র প্রোক্ষণ** পূর্ব্বক **নমঃ মন্ত্রে আধারের উপর স্থাপন** করিবে ।



গন্ধপুষ্প দ্বারা পাত্রে দ্বাদশকলার পূজা করিবে -

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে অং অর্কমন্ডলস্থ দ্বাদশকলাভ্যো নমঃ ।

ওঁ হ্রীং অং অর্কমন্ডলায় দ্বাদশকলাত্মনে অর্ঘ্যপাত্রায় নমঃ ।

ষটকোণে পূজা - **ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া ষড়ঙ্গদেবতাভ্যো নমঃ ।**

মধ্যে পূজা - **(মূলমন্ত্র) এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।**

বং এই বরুণ বীজ যুক্ত মূলমন্ত্র ও বিলোমমাতৃকা পাঠ করিতে করিতে কারণ দ্বারা পাত্রের ৩/৪ ভাগ পূর্ণ করিবে ও বাকি ১/৪ ভাগ সামান্যার্ঘ্য জল দ্বারা পূর্ণ করিবে -

[**বং (মূলমন্ত্র)** ক্ষং ,লং, হং ,সং, ষং ,শং ,বং ,লং ,রং ,যং ,মং ,ভং ,বং ,ফং ,পং ,নং , ধং ,দং , থং ,তং ,ণং ,ঢং ,ডং ,ঠং ,টং ,ঞং ,ঝং ,জং ,ছং ,চং ,ঙং ,ঘং ,গং ,খং ,কং ,অঃ ,অং ,ঔং ,ওং , ঐং ,এং ,৯ৃং ,৯ং ,ৠং ,ঋং ,ঊং ,উং ,ঈং ,ইং ,আং ,অং]

(সংক্ষিপ্ত বিলোম মাতৃকা - **বং (মূলমন্ত্র) শং যং পং তং টং চং কং অং**)

অতঃপর শ্রীপাত্র মধ্যে বিল্বপত্রাদি যুক্ত একটি অর্ঘ্য স্থাপন করিবে -

গন্ধপুষ্প দ্বারা অর্ঘ্যামৃতের পূজা পূজা করিবে -

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে উং সোমমন্ডলস্থ ষোড়শকলাভ্যো নমঃ ।

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে উং সোমমন্ডলায় ষোড়শকলাত্মনে অর্ঘ্যামৃতায় নমঃ ।

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে পঞ্চশৎকলাভ্যো নমঃ ।

কুশ দিয়া অর্ঘ্যামৃত স্পর্শ করিয়া মন্ত্র পাঠ করিবে -

প্লুং জ্লুং স্লুং গ্লুং স্বাহা অমৃতে অমৃতোদ্ভবে অমৃতবর্ষিণি অমৃতং স্রাবয় স্রাবয় স্বাহা ।

কুশ দ্বারা অর্ঘ্যামৃতে **অধোমুখ ত্রিকোন** অঙ্কিত করিয়া সেই ত্রিকোণের **বামরেখায়** (নিজের দক্ষিণ ভাগস্থ রেখায়) **অ থেকে অঃ** পর্যন্ত ১৬ টি বর্ণ , **উর্ধ্বরেখায় ক থেকে ত** পর্যন্ত ১৬ টি বর্ণ ও বাম রেখায় (নিজের দক্ষিণভাগস্থ রেখায়) **থ থেকে স** পর্যন্ত ১৬ টি বর্ণ বিন্দুযুক্ত করিয়া লিখিবে । পরে **অধ কোণে হ্রং** , উর্ধ্ববাম কোণে (নিজের দক্ষিণদিকের কোণে) **লং** , উর্ধ্ব দক্ষিণ কোণে (নিজের বামদিকের কোণে) **ক্ষং** ও মধ্যে **হেসৌঁ** লিখিবে । কেবল বর্ণসমুদায় উচ্চারণ করিতে করিতে কুশদ্বারা বর্ণ লিখিত হইল ভাবিতে হইবে ।



এইরূপ হেসৌঁ মন্ডল অঙ্কন করিয়া গন্ধপুষ্প দ্বারা পূজা ওই মন্ডলের পূজা করিবে -

ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে হেসৌঁঃ মন্ডলায় নমঃ ।

পাত্রমধ্যস্থ ত্রিকোণে গন্ধপুষ্প দ্বারা দেবীর পূজা করিবে -

(মূলমন্ত্র) এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া ষড়ঙ্গদেবতাভ্যো নমঃ ।

অঙ্কুশমুদ্রায় শ্রীপাত্রের মধ্যে তীর্থাবাহন করিবে -

ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতিঃ । নর্ম্মদে সিন্ধোকাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু ।।

অতঃপর শ্রীপাত্র মধ্যে মাষপরিমান শোধিত মাংস , মৎস , মুদ্রা ও স্বয়ম্ভুকুসুমানুকল্পে বিন্দু পরিমান শ্বেত ও রক্তচন্দন দিবে ।

শ্রীপাত্রের উপর গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে -

হসক্ষমলবরয়ূং আনন্দভৈরবায় বষট্ এতে গন্ধপুষ্পে আনন্দভৈরবায় নমঃ ।

সহক্ষমলবরয়ীং আনন্দভৈরব্যৈ বৌষট্ এতে গন্ধপুষ্পে আনন্দভৈরব্যৈ নমঃ ।

কুশ দ্বারা অর্ঘ্যামৃত স্পর্শ করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ পূর্ব্বক শ্রীপাত্রামৃত অভিমন্ত্রিত করিবে -

ওঁ ব্রহ্মান্ডরসসম্ভূতমশেষরসসম্ভবম্ । আপুরিতং মহাপাত্রং পীযুসরসমাবহ ।
অখন্ডৈকরসানন্দকলেবরসুধাত্মনি । স্বচ্ছন্দস্ফুরণামত্র নিধেহকুলরূপিণি ।।
অকুলস্থামৃতাকারে সিদ্ধজ্ঞানকলেবরে । অমৃতত্ত্বং নিধেহ্যস্মিন্ বস্তুনি ক্লিন্নরূপিনি ।।
তদ্রূপিণ্যেকরস্যঞ্চ কৃত্বা হ্যেতৎ-স্বরূপিণি । ভূত্বা পরামৃতাকারং ময়ি বিস্ফুরণং করু ।।
অহন্তাপাত্র-ভরিতম্ ইদন্তাপরমামৃত । পরাহন্তাময়ে বহ্নৌ হোমস্বিকারলক্ষণম্ ।।
ঐং স্লুং ছলুং অং অমৃতে অমৃতোদ্ভবে । অমৃতেশ্বরি অমৃতবর্ষিণি অমৃতং স্রাবয় স্রাবয় স্বাহা ।।
ঐং বদ বদ বাগ্‌বাদিনি ক্লীং ক্লিন্নে ক্লেদিনি ক্লেদয় মহাক্ষোভং কুরু কুরু সৌঃ
মহাক্ষোভং কুরু কুরু শ্রীং হৌং হ্রীং হৌং ।।

শ্রীপাত্রের উপর গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে -

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে পঞ্চরত্নেভ্যো নমঃ ।

শ্রীপাত্রের উপর গন্ধপুষ্প দ্বারা আনন্দভৈরব ও আনন্দভৈরবীর পূজা ও তর্পণ করিবে -

হসক্ষমলবরযূঁং আনন্দভৈরবায় বষট্ এতে গন্ধপুষ্পে আনন্দভৈরবায় নমঃ ।
হসক্ষমলবরযূঁং আনন্দভৈরবায় বষট্ আনন্দভৈরব-শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।
সহক্ষমলবরযীঁং আনন্দভৈরব্যৈ বৌষট্ এতে গন্ধপুষ্পে আনন্দভৈরব্যৈ নমঃ ।
সহক্ষমলবরযীঁং আনন্দভৈরব্যৈ বৌষট্ আনন্দভৈরবী-শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।

শ্রীপাত্রে ইষ্টদেবীর আবাহন ও পূজাদি -

ক্রীং শ্রীমদ্ দক্ষিণকালিকে দেবী ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিধেহি
ইহসন্নিরুদ্ধস্ব ইহসন্নিরুদ্ধস্ব ইহসম্মুখিভব ইহসম্মুখিভব অত্রাধিষ্টানং কুরু মম পূজাং গৃহাণ ।।

আবহনান্তে অর্ঘ্য মধ্যে গন্ধপুষ্প দ্বারা দেবতার পূজা করিবে -

(মূলমন্ত্র) এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।

অতঃপর শ্রীপাত্রের উপর

ফট্ মন্ত্রে **ঊর্দ্ধোর্দ্ধ তালত্রয়** দ্বারা রক্ষাবিধান
ফট্ মন্ত্রে ছোটিকা দ্বারা দশদিক বন্ধন
হূং মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা প্রদর্শণ
বং মন্ত্রে ধেনু , যোনি ও **শঙ্খ মুদ্রা** প্রদর্শণ করিবে ।

শ্রীপাত্রে গন্ধপুষ্প দ্বারা পূজা করিবে -

ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে সোঽহং হংসঃহায় নমঃ ।

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া ষড়ঙ্গদেবতাভ্যো নমঃ ।

মৎস্য মুদ্রায় পাত্র আচ্ছাদন করিয়া **মূলমন্ত্র ১৮** বার **জপ** করিবে ।

শ্রীপাত্রকে দেবী স্বরূপ চিন্তা করিয়া **৩** বার **পুষ্পাঞ্জলি** দিয়া ঘন্টাবাদ্য সহকারে **ধূপ** ও **দীপ দেখাইবে** ।

(বিঃদ্রাঃ - পূজা সমাপ্তি পর্যন্ত শ্রীপাত্র সঞ্চালন করিবে না)

গুরুপাত্রাদি স্থাপন

করজোড়ে দেবীর অনুজ্ঞা প্রার্থণা করিবে -

ক্রীং শ্রীমদ্দক্ষিণকালিকেদেবী আজ্ঞাপয় গুরুপাত্রাদিকং স্থাপয়ামি ।

দেবীর আজ্ঞা পাইয়াছ মনে করিয়া সুধাকলসের নিকট হইতে ২ টি , ৪ টি বা ৮ টি পাত্র অর্ধচন্দ্রাকারে স্থাপন করিবে । (শ্রীপাত্রকে লইয়ে ৩ , ৫ , বা ৯ পাত্র হইবে)



তিন পাত্র - গুরু , ভোগ , শ্রীপাত্র
পাঁচ পাত্র - গুরু , ভোগ , শক্তি , যোগিনী , শ্রীপাত্র
*নব পাত্র - গুরু , ভোগ , শক্তি , যোগিনী , বীর , বলি , *পাদ্য , আচমনীয় , শ্রীপাত্র*
*(*পাদ্য পাত্র তামার বিশেষ প্রসস্ত তবে রৌপ্য বা স্বর্ণময় বা যে কোন বিহিত পাত্রই করা যাইতে পারে ।)*

প্রথমে গুরুপাত্র স্থাপন -

ভূমিতে রক্তচন্দন জল দ্বারা ত্রিকোন তদ্বহির বিত্ত তদ্বহির চতুষ্কোণ মন্ডল অঙ্কন করিয়া সামান্যার্ঘ্য জল দ্বারা প্রোক্ষণ করিয়া গন্ধপুষ্প দ্বারা মন্ডলের পূজা করিবে -

ওঁ এতে গন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ ।

অতঃপর পাত্রের **আধার ফট্ মন্ত্রে প্রোক্ষণ** করিয়া **নমঃ মন্ত্রে** মন্ডলের উপর **স্থাপন** করিবে ।

অনুরূপ ভাবে পাত্র **ফট্ মন্ত্রে প্রোক্ষণ** করিয়া **নমঃ মন্ত্রে** পাত্র আধারের উপর **স্থাপন** করিবে ।

নমঃ মন্ত্রে সুধাঘট হইতে কারণ দিয়া পাত্রের ৩/৪ ভাগ পূর্ণ করিবে ও বাকি ১/৪ ভাগ সামান্যার্ঘ্য জল দ্বারা পূরণ করিয়া **অঙ্কুশমুদ্রায়** পাত্রের মধ্যে **তীর্থাবাহন** করিবে -

ক্রোং গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতিঃ । নর্ম্মদে সিন্ধোকাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু ।।

ওঁ মন্ত্রে গন্ধপুষ্প দিবে

মৎস্যমুদ্রায় আচ্ছদন করিয়া পাত্রের উপর **১০ বার ওঁ জপ** করিবে ।

বং মন্ত্রে **ধেনু** ও **যোনি মুদ্রা** প্রদর্শণ করিবে ।

পাত্রের মধ্যে মাষ পরিমান **মাংস , মৎস্য , মুদ্রা** ও **শ্রীপাত্রের অমৃত** দিবে ।

অনুরূপ ভাবে ইহার পর **ভোগপাত্র , শক্তিপাত্র , যোগিনীপাত্র , বীরপাত্র , বলিপাত্র , পাদ্যপাত্র ,**

আচমনীয়পাত্র স্থাপন করিবে ।

সমগ্রপাত্রাদি স্থাপনান্তে বামহস্তে শুদ্ধিপাত্র হইতে শুদ্ধি গ্রহণ পূর্ব্বক দক্ষিণ হস্তে যথাযথ পাত্র হইতে কারণ গ্রহণ করিয়া তত্ত্বমুদ্রায় তর্পণ করিবে ।

গুরুপাত্র হইতে - **(গুরুপাদুকা মন্ত্র) সশক্তিক-গুরু শ্রী.....আনন্দনাথ .....অম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

গুরুপাত্র হইতে - **(গুরুপাদুকা মন্ত্র) সশক্তিক-পরমগুরু শ্রী.....আনন্দনাথ .....অম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

গুরুপাত্র হইতে - **(গুরুপাদুকা মন্ত্র) সশক্তিক-পরাপরগুরু শ্রী.....আনন্দনাথ.....অম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

গুরুপাত্র হইতে - **(গুরুপাদুকা মন্ত্র) সশক্তিক-পরমেষ্ঠিগুরু শ্রী.....আনন্দনাথ.....অম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

গুরুপাত্র হইতে - **(গুরুপাদুকা মন্ত্র) সশক্তিক-দিব্যৌঘ-সিদ্ধৌঘ-মানবৌঘ-গুরুগন শ্রী.....আনন্দনাথ .....অম্বা শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

ভোগপাত্র হইতে - **ওঁ হ্রীং ভৈরব-ঋষি শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

*বীরপাত্র হইতে - **ওঁ হূং ক্ষ্রোং যাং রাং লাং বাং আং ক্রোং মহাকালভৈরব সর্ব্ববিঘ্নান্ নাশায় নাশায় হ্রীং শ্রীং ফট্ স্বাহা মহাকালভৈরব শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

*(**তিনপাত্র স্থাপন করিলে মহাকালভৈরব তর্পণ ভোগপাত্র হইতে হইবে ।)*

শ্রীপাত্র হইতে - **সহক্ষমলবরযীঁং আনন্দভৈরব্যৈ বৌষট্ আনন্দভৈরবী শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা ।**

শ্রীপাত্র হইতে - **হসক্ষমলবরযূঁং আনন্দভৈরবায় বষট্ আনন্দভৈরব শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

শ্রীপাত্র হইতে - **(মূলমন্ত্র) সাঙ্গায়াঃ সাবরণায়াঃ সপরিবারায়াঃ শ্রীমন্ মহাকালভৈরব সহিতায়াঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ঃ শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা ।**

শ্রীপাত্র হইতে - **ঐং হ্রীং শ্রীং সর্ব্বদেবদেবীস্বরূপিণ্যা বিশ্বজননি শ্রীসারদাদেব্যা শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা ।**

ভোগপাত্র হইতে - **ঐং সর্ব্বদেবদেবীস্বরূপঃ শ্রীরামৃষ্ণদেবঃ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

শ্রীপাত্র হইতে - **(ব্রহ্মমন্ত্র) পরমব্রহ্মঃ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।**

*(ইচ্ছাকরিলে *দশমহাবিদ্যাদি দেবীগনের শ্রীপাত্র হইতে তর্পণ করিবে ও বাঞ্ছিত কোন পুরুষ দেবতার তর্পণ করিতে হইলে তাহা ভোগপাত্র হইতে করিবে । *ছিন্নমস্তাদেবীর তর্পণ ধ্যান ব্যাতিত করা নিষিদ্ধ)*

তত্ত্বশুদ্ধি

(নিম্নোক্ত প্রত্যেকটি মন্ত্র পাঠ করিতে করিতে বাম হস্তের অনামিকা দ্বারা পাত্র হইতে আশব লইয়া দুই করতলে লেপন পূর্ব্বক নিজগাত্রে মার্জ্জণ করিবে)
মন্ত্র যথা -

১. **ওঁ প্রাণাপানব্যানোদানসমানা মে শুদ্ধ্যন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

২. **ওঁ পৃথিব্যাপ্তেজোবায়ু আকাশানি মে শুদ্ধন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

৩. **ওঁ প্রকৃত্যহঙ্কার বুদ্ধি মনঃ শ্রোত্রানি মে শুদ্ধন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

৪. **ওঁ ত্বক্চক্ষুর্জিহ্বাঘ্রাণবাচাংসি মে শুদ্ধন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

৫. **ওঁ পাণিপাদপায়ুপস্থশব্দা মে শুদ্ধন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

৬. **ওঁ স্পর্শরসরূপগন্ধাকাশানি মে শুদ্ধন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

৭. **ওঁ বায়ুতেজঃসলিলভূম্যাত্মানো মে শুদ্ধন্তাং জ্যোতিরহং বিরজা বিপাপ্ মা ভূয়াসং স্বাহা ।**

তত্ত্বস্বীকার

(দক্ষিণ করতলে অধোমুখ বিন্দুগর্ভ ত্রিকোন মন্ডল অঙ্কন করিয়া প্রতিটি কোণে ও মধ্যে মাষপরিমান শুদ্ধিখন্ড রাখিবে ও তত্ত্ব মুদ্রায় নিম্নকোণ হইতে আরম্ভ করিয়ে বামাবর্ত্তে প্রতি কোন হইতে এবং অন্তে মধ্যস্থল হইতে শুদ্ধি খন্ড লইয়া নিজেকে কুলকুন্ডলিনিময় চিন্তা করিয়া নিম্নোক্ত মন্ত্রে নিজ মুখে আহুতি করিবে ।)

১. **হ্রীং শ্রীং আত্মতত্ত্বেন স্থুলদেহং শোধয়ামি স্বাহা ।।**

২. **হ্রীং শ্রীং বিদ্যাতত্ত্বেন সুক্ষ্মদেহং শোধয়ামি স্বাহা ।।**

৩. **হ্রীং শ্রীং শিবতত্ত্বেন পরদেহং শোধয়ামি স্বাহা ।।**

৪. **হ্রীং শ্রীং সর্ব্বতত্ত্বেন তত্ত্বত্রয়াশ্রয়ং জীবং শোধয়ামি স্বাহা ।।**

বিন্দুস্বীকার

(বাম হস্তে তত্ত্ব মুদ্রায় আসব ও দক্ষিণ হস্তে তত্ত্বমুদ্রায় শুদ্ধি লইয়া নিজেকে কুলকুন্ডলিনিময় চিন্তা করিয়া নিম্নোক্ত মন্ত্র পাঠ পূর্ব্বক নিজ মুখে আহুতি দিবে)

১. **(মূলমন্ত্র) ওঁ আর্দ্রংজ্বলতি জ্যোতিরহমস্মি জ্যোতির্জ্বলতি ব্রহ্মাহমস্মি সোহহমস্মি অহমেবাহং জুহোমি স্বাহা ।।**

২. **(মূলমন্ত্র) ওঁ তমেব প্রত্যক্ষং ব্রহ্মবদিষ্যামি সত্যং বদিষ্যামি তন্মামবতু তদ্বক্তারমবতু মামবতু বক্তারং স্বাহা ।।**

৩. **(মূলমন্ত্র) ওঁ ছন্দসামৃষয়ো যচ্ছন্দোহ্যমৃতা ভুবসা মেন্দ্রো মেধয়া স্পৃণোতু স্রুবং মেনোপায়তু স্বাহা ।।**

বলিপ্রয়োগ

পূজাস্থানের পূর্ব্ব , দক্ষিণ , পশ্চিম ও উত্তরে যথাযথ মন্ডল অঙ্কন করিবে । (পরের পৃষ্ঠায় চিত্র দেখ)

অতঃপর প্রতিটি মন্ডলে নবমৃৎ পাত্রে বা কদলি পত্রে মাংস , মৎস্য , মুদ্রা , কারণ ও তির্থজল দিয়া বলি রচনা করিবে ।



বটুকের বলি - (পূর্ব্বদিকের মন্ডলে)

গন্ধপুষ্প দ্বারা চক্রের পূর্ব্বদিকের মন্ডলের উপর পূজা করিবে -

ওঁ ঐং হ্রীং শ্রীং এতে গন্ধপুষ্পে মন্ডলায় নমঃ ।

গন্ধপুষ্প গ্রহণ করিয়া কুর্ম মুদ্রায় বটুকনাথের ধ্যান করিবে -

ধ্যান - **ওঁ পীযুষভান্ডমসিখন্ডকপালদন্ডচন্ডাতিচন্ড-ভূজদন্ডমতিপ্রচন্ডম্ ।**
শ্রীকুন্ডলদ্বয়বিমন্ডিতমুন্ডমীড়ে নীলং বটুকং বটুকনাথমহীন্দ্রহারম্ ।।

ধ্যানান্তে আবাহন করিবে - **ওঁ দেবীপুত্রবটুকনাথ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব ইহসন্নিরুধ্যস্ব ইহসম্মুখিভব ইহসম্মুখিভব অত্রাধিষ্ঠানং কুরু , মম পূজাং গৃহাণ ।**

আবহনান্তে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া **বীর পাত্র** (অভাবে ভোগপাত্র) হইতে তর্পণ করিবে -

ওঁ হ্রীং বটুকার আপদুদ্ধারণায় কুরু কুরু বটুকায় হ্রীং এতে গন্ধপুষ্পে শ্রীবটুকনাথ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ।
ওঁ হ্রীং বটুকার আপদুদ্ধারণায় কুরু কুরু বটুকায় হ্রীং শ্রীবটুকনাথ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।

মন্ডলের উপর বলি দ্রব্য স্থাপন করিয়া যথাযথ ভাবে অর্চ্চণা করিবে -

বং এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ । (৩বার জলের ছিটে)

ওঁ এতে গন্ধপুষ্পে এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ ।

ওঁ এতে গন্ধপুষ্পে এতদ্-অধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ ।

ওঁ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় দেবীপুত্র-বটুকনাথায় নমঃ ।

অতঃপর **বামহস্তে তত্ত্বমুদ্রায়** বলিপাত্রের অমৃত লইয়া অর্চ্চণা বাক্য পাঠ করিয়া বলির উপর ছিটা দিবে -

ওঁ এহ্যেহি দেবীপুত্র বটুকনাথ কপিলজটাভারভাসুর ত্রিনেত্র জ্বালামুখ সর্ববিঘ্নং নাশয় নাশয়
সর্ব্বোপচার সহিতং বলিং গৃহ্ন গৃহ্ন স্বাহা ।
ওঁ হ্রীং বটুকায় আপদুদ্ধারণায় কুরু কুরু বটুকায় হ্রীং এষ বলিঃ বটুকায় নমঃ ।

করজোড় করিয়া প্রণাম করিবে -

ওঁ করকলিতকপালঃ কুন্ডলী দন্ডপাণিঃ তরুণতিমিরনীলব্যাল-যজ্ঞোপবিতঃ ।
কৃতসময়সপর্য্যাবিঘ্নবিচ্ছেদহেতুর্জয়তি বটুকনাথঃ সিদ্ধিদঃ সাধকানাম্ ।।

যোগিনীর বলি - (দক্ষিণদিকের মন্ডলে)

গন্ধপুষ্প দ্বারা চক্রের দক্ষিণদিকের মন্ডলের উপর পূজা করিবে -

ওঁ ঐং হ্রীং শ্রীং এতে গন্ধপুষ্পে মন্ডলায় নমঃ ।

গন্ধপুষ্প গ্রহণ করিয়া কুর্ম মুদ্রায় যোগিনীর ধ্যান করিবে -

ধ্যান - **ওঁ যোগিন্যঃ কামরূপাঃ সকলগুণযুতাস্তপ্তকার্ত্তস্বরাভা মত্তাঃ**
কঙ্কালমালাকলিতগলিতরক্তবস্ত্রোত্তরিয়াঃ ।
শূলং পাশং কপালংশৃণিমপি বিধৃতাঃ সুস্মিতাঃ সুপ্রসন্নাঃ
ভক্তানাং সাধকানাম্-অভিলষিতফলং দীয়মানাঃ সুবেশাঃ ।।

ধ্যানান্তে আবাহন করিবে - **ওঁ যোগিন্যঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিহিতাভবত**
ইহসন্নিহিতাভবত ইহসন্নিরুধ্যাভবত ইহসন্নিরুধ্যাভবত ইহসম্মুখিভবত ইহসম্মুখিভবত
অত্রাধিষ্ঠানং কুরুত , মম পূজাং গৃহ্নিত ।

আবহনান্তে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া **যোগিণী পাত্র** (অভাবে ভোগপাত্র) হইতে তর্পণ করিবে -

যাং এতে গন্ধপুষ্পে যোগিনীগনঃ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ।
যাং যোগিনীগনঃ শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা ।

মন্ডলের উপর বলি দ্রব্য স্থাপন করিয়া যথাযথ ভাবে অর্চ্চণা করিবে -
বং এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ । (৩বার জলের ছিটে)
ওঁ এতে গন্ধপুষ্পে এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতদ্-অধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানেভ্যো যোগিনিভ্যো নমঃ ।

অতঃপর **দক্ষিণহস্তে তত্ত্বমুদ্রায়** বলিপাত্রের অমৃত লইয়া অর্চ্চণা বাক্য পাঠ করিয়া বলির উপর ছিটা দিবে -

ওঁ উর্দ্ধংব্রহ্মান্ডতো বা দিবি গগনতলে ভূতলে নিস্ফলে বা
পাতালেবাঽনলে বা সলিলেপবনয়োর্যত্র কুত্র স্থিতা বা ।
ক্ষেত্রে পীঠোপপীঠাদিযুচ কৃতপদা ধূপদীপাদিকেন প্রীতা
দেব্যঃ সদা নঃ শুভবলিবিধিনা পান্তু বীরেন্দ্রবন্দ্যঃ ।।
যাং যোগিনীভ্যো স্বাহা সর্ব্বযোগিনীভ্যো হূং ফট্ স্বাহা এষ বলিঃ যোগিনীভ্যো নমঃ ।

করজোড় করিয়া প্রণাম করিবে - **ওঁ যোগিনীভ্যো নমঃ ।**

ক্ষেত্রপালের বলি - (চক্রের বাহিরে পশ্চিমদিকের মন্ডলে)

গন্ধপুষ্প দ্বারা চক্রের বাহিরে পশ্চিমদিকের মন্ডলের উপর পূজা করিবে -

ওঁ ঐং হ্রীং শ্রীং এতে গন্ধপুষ্পে মন্ডলায় নমঃ ।

গন্ধপুষ্প গ্রহণ করিয়া কুর্ম মুদ্রায় ক্ষেত্রপালের ধ্যান করিবে -

ধ্যান - **ওঁ চঞ্চৎকপালসুকৃপাণ-সশূলদন্ডমুদ্যড্ডমড্ডমরুমন্ডিতপাণিদন্ডম্ ।**
নীলাঞ্জনপ্রচয়পুঞ্জামিব প্রসন্নং শ্রীক্ষেত্রনাথকমহং সততং ভজামি ।।

ধ্যানান্তে আবাহন করিবে - **ওঁ ক্ষেত্রপালঃ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যাভব ইহসন্নিরুধ্যাভব ইহসম্মুখিভব ইহসম্মুখিভব অত্রাধিষ্ঠানং কুরু , মম পূজাং গৃহ্নাণ ।**

আবহনান্তে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া **বীর পাত্র** (অভাবে ভোগপাত্র) হইতে তর্পণ করিবে -

ক্ষাং এতে গন্ধপুষ্পে ক্ষেত্রপালঃ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ।
ক্ষাং ক্ষেত্রপালঃ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।

মন্ডলের উপর বলি দ্রব্য স্থাপন করিয়া যথাযথ ভাবে অর্চ্চণা করিবে -
বং এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ । (৩বার জলের ছিটে)
ওঁ এতে গন্ধপুষ্পে এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতদ্-অধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় ক্ষেত্রপালায় নমঃ ।

অতঃপর **বামহস্ত মুষ্ঠিবদ্ধ করিয়া তর্জ্জনী সরল রাখিয়া** বলিপাত্রের অমৃত লইয়া অর্চ্চণা বাক্য পাঠ করিয়া বলির উপর ছিটা দিবে -

ওঁ নগ্নত্বংমুক্তকেশং রবিশশিনয়নং পিঙ্গলং কেশভারং
হস্তেদন্ডং-প্রচন্ডং অলিপিশিযুতং বামহস্তে কপালং ।
ক্রীড়ন্তংমাতৃচক্রে কহকহহসিতং নাদগম্ভীর ঘোরং
রক্তাক্ষং সিদ্ধিনাথং প্রহসিতবদনং ভৈরবং ক্ষেত্রপালম্ ।
ওঁ ক্ষাং ক্ষীং ক্ষূং ক্ষৈং ক্ষৌং ক্ষঃ হূং স্থান ক্ষেত্রপাল
মুকুটখর্পরমুন্ডমালাবিভূষণ মহাভীমরূপধর বর্ষকেশ
জয় জয় দিগম্বর মহাভূতপরিবার সংত্রাসকর অগ্নিনেত্র-
মদ্যপানমদোন্মত্ত ত্রিশূলায়ুধ শৃঙ্গীবাদন তৎপর
এহি এহি মম সর্ব্ববিঘ্নং নাশয় সর্ব্বোপচারসহিতং
ইমং বলিং গৃহাণ হূং ফট্ স্বাহা ক্ষাং এষ বলিঃ ক্ষেত্রপালায় নমঃ ।

করজোড় করিয়া প্রণাম করিবে - **ওঁ যোঽন্যক্ষত্রনিবাসী চ ক্ষেত্রপালস্য কিঙ্করঃ ।**
প্রীতোঽস্তু বলিদানেন সর্ব্বরক্ষাং করোতু মে ।।

<u>গণেশের বলি</u> - (উত্তরদিকের মন্ডলে)

গন্ধপুষ্প দ্বারা চক্রের উত্তরদিকের মন্ডলের উপর পূজা করিবে -

ওঁ ঐং হ্রীং শ্রীং এতে গন্ধপুষ্পে মন্ডলায় নমঃ ।

গন্ধপুষ্প গ্রহণ করিয়া কুর্ম মুদ্রায় গণনাথের ধ্যান করিবে -

ধ্যান - **ওঁ সিন্দুরাভং ত্রিনেত্রং পৃথুতরজঠরং হস্তপদ্মৈর্দধানং দন্ডং**
পাশাঙ্কুশেষ্টান্য-উরুকরবিলসদ্-বারুণীপূর্ণকুম্ভং ।
বালেন্দুদ্যোতমৌলিং করিপতিবদনং দানপূরার্দ্রগন্ডং
ভোগীন্দ্রাবদ্ধভূষাং ভজত গণপতিং রক্তবস্ত্রাঙ্গরাগং ।।

ধ্যানান্তে আবাহন করিবে - **ওঁ শ্রীগণেশভট্টারক ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব ইহসন্নিরুধ্যস্ব ইহসম্মুখিভব ইহসম্মুখিভব অত্রাধিষ্ঠানং কুরু , মম পূজাং গৃহাণ ।**

আবহনান্তে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া **বীর পাত্র** (অভাবে ভোগপাত্র) হইতে তর্পণ করিবে -

ওঁ গং এতে গন্ধপুষ্পে শ্রীগণেশ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ।
ওঁ গং শ্রীগণেশ শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।

মন্ডলের উপর বলি দ্রব্য স্থাপন করিয়া যথাযথ ভাবে অর্চ্চণা করিবে -
বং এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ । (৩বার জলের ছিটে)
ওঁ এতে গন্ধপুষ্পে এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতদ্-অধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানায় শ্রীগণেশায় নমঃ ।

অতঃপর গজতুন্ডাখ্য মুদ্রায় (**বামহস্তের সকল অঙ্গুলি প্রসারিত করিয়া মধ্যামাকে গজতুন্ডের ন্যায় সম্মুখে ঝুকাইয়া তাহার মূলদেশে অঙ্গুষ্ঠ যুক্ত করিবে**) বলিপাত্রের অমৃত লইয়া অর্চ্চণা বাক্য পাঠ করিয়া বলির উপর ছিটা দিবে -

ওঁ গাং গীং গূং গৈং গৌং গঃ গণপতয়ে বরবরদ সর্ব্বজনং মে বশমানায় বলিং গৃহ্ন গৃহ্ন স্বাহা ।
গং এষ বলিঃ গণেশায় নমঃ ।।

করজোড় করিয়া প্রণাম করিবে -

ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদরং গজাননম্ ।
বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্ ।।

সর্ব্বভূতের বলি - (চক্রের বাহিরে সুধাঘটের পাশের মন্ডলে)

চক্রের বাহিরের সুধাঘটের পাশের মন্ডলটির উপর পূজা করিবে -

ওঁ ঐং হ্রীং এতেগন্ধপুষ্পে ব্যাপকমন্ডলায় নমঃ ।

আবাহন করিবে - **ওঁ সর্ব্বভূত ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিহিতাভব্য ইহসন্নিহিতাভবত ইহসন্নিরুধ্যাভবত ইহসন্নিরুধ্যাভবত ইহসম্মুখিভবত ইহসম্মুখিভবত অত্রাধিষ্ঠানং কুরুত , মম পূজাং গৃহ্নিত ।**

আবহনান্তে গন্ধপুষ্পদ্বারা পূজা করিয়া **ভোগপাত্র** হইতে তর্পণ করিবে -

ওঁ হ্রীং এতে গন্ধপুষ্পে সর্ব্বভূতঃ শ্রীপাদুকাং পূজয়ামি নমঃ ।
ওঁ হ্রীং সর্ব্বভূত শ্রীপাদুকাং তর্পয়ামি নমঃ ।

মন্ডলের উপর বলি দ্রব্য স্থাপন করিয়া যথাযথ ভাবে অর্চ্চণা করিবে -
বং এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ । (৩বার জলের ছিটে)
ওঁ এতে গন্ধপুষ্পে এতস্মৈ্য সামিষান্নবলয়ে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতদ্-অধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ ।
ওঁ এতে গন্ধপুষ্পে এতৎ সম্প্রদানেভ্যো সর্ব্বভূতেভ্যো নমঃ ।

অতঃপর **বামহস্তে তত্ত্বমুদ্রায়** বলিপাত্রের অমৃত লইয়া অর্চ্চণা বাক্য পাঠ করিয়া বলির উপর ছিটা দিবে -

ওঁ হ্রীং সর্ব্ববিঘ্নকৃদ্ভ্য হূং ফট্ নমঃ এষ বলিঃ সর্ব্বভূতেভ্যো নমঃ ।

করজোড় করিয়া প্রণাম করিবে -

ওঁ দেহস্থাখিলদেবতা গজমুখাঃ ক্ষেত্রাধিপা ভৈরবা
যোগিন্যো বটুকশ্চ যক্ষপিতরো ভূতাঃ পিশাচা গ্রহাঃ ।
অন্যে খেচরভূচরা দিশিচরা বেতালকাস্তে গজাস্তৃপ্তাঃ
স্যুঃ কুলপুত্রকস্য পিবতঃ পানং সদীপং চরূম্ ।।

যাহারা পান ভোজন পূর্ব্বক চক্র করিবে না তাহারা ইহার পর (পৃষ্ঠা-৫৮) পুনঃ করাঙ্গন্যাস করিয়া মূলপূজার স্রোতে ফিরিয়া যাইবে ।

যাহারা ৫ পাত্র বা ৩ পাত্র গ্রহণ পূর্ব্বক চক্রের সহিত পূজা করিবে তাঁহারা এই স্থানে নিম্নোক্ত কার্য সকল করিবে ।

প্রথম পাত্র স্থাপন -

নিজ দক্ষিণে একটি ত্রিকোণ তদ্বহির বৃত্ত তদ্বহির চতুষ্কোণ মন্ডল অঙ্কন করিয়া গন্ধপুষ্প দ্বারা মন্ডলের পূজা করিবে - **ওঁ হ্রীং এতেগন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ** ।

অঙ্কিত মন্ডলের উপর পাত্রের **আধার ফট্ মন্ত্রে প্রোক্ষণ** করিয়া **নমঃ মন্ত্রে** মন্ডলের উপর **স্থাপন** করিবে । অনুরূপ ভাবে **আত্মপাত্র ফট্ মন্ত্রে প্রোক্ষণ** করিয়া **নমঃ মন্ত্রে** আধারের উপর **স্থাপন** করিবে ।

অতঃপর সুধাকলস হইতে **কারণ** দিয়া পাত্রের ৩/৪ ভাগ পূর্ণ করিবে ও বাকি ১/৪ ভাগ সামান্যার্ঘ্য জল দ্বারা পূরণ করিবে । পাত্রের মধ্যে **মাষ পরিমাণ মাংস , মৎস্য ও মুদ্রাখন্ড দিবে** ।
অঙ্কুশ মুদ্রায় পাত্র মধ্যে **ক্রোং গঙ্গে চ যমুনে চৈব .....ইত্যাদি মন্ত্রে তির্থাবাহণ** করিবে ।

হূং মন্ত্রে অবগুণ্ঠনমুদ্রা

বং মন্ত্রে ধেনু ও **যোনি মুদ্রা** প্রদর্শণ

মৎস্যমুদ্রায় আত্মপাত্র আচ্ছদন করিয়া **মূলমন্ত্র ১০ বার** জপ করিবে ।

অতঃপর আত্মপাত্রে শ্রীপাত্র ও ভোগপাত্র হইতে কিঞ্চিত কিঞ্চিত অমৃত মিশাইবে ।

প্রথম পাত্র বন্দনা - (করজোড়ে পাঠ করিবে)

ওঁ শ্রীমদ্ভৈরবশেখর প্রবিলসচ্চন্দ্রামৃতাপ্লাবিতং ক্ষেত্রাধীশ্বরযোগিনীসুরগণৈঃ সিদ্ধৈঃ সমারাধিতম্ ।
আনন্দার্ণবকং মহাত্মকমিদং সাক্ষাত্রিখন্ডামৃতং বন্দেশ্রীপ্রথম্ করাম্বুজগতং পাত্রং বিশুদ্ধিপ্রদ্ম্ ।।

বামহস্তে ত্রিখন্ডমুদ্রায় পাত্র ও দক্ষিণ হস্তে **মাংস** শুদ্ধি গ্রহণ করিয়া পাঠ করিবে -

ওঁ সমুদ্রে মথ্যমানে তু ক্ষীরাব্ধৌ সাগরোত্তমে । তত্রোৎপন্নাং সুরাং দেবীং কন্যকারূপধারিণীম্ ।।
গোমূত্রমদৃশাকারং ফেণামৃতসমূদ্ভবাম্ । অষ্টাদশভুজৈর্যুক্তাং নীরজায়তলোচনাম্ ।।
আনন্দশিখরে জাতঃ আনন্দশ্চ মহেশ্বরঃ । তয়োর্যোগেঽভবেদ্ব্রহ্মা বিষ্ণুঃ সাহ্লাদ এব চ ।।
তস্মাদিমাং সুরাং দেবীং পুর্ণোঽহং তাং জুহোম্যহম্ । ইদং পবিত্রমমৃতং পিবামি ভবভেষজম্ ।।
পশুপাশসমুচ্ছেদ কারণং ভৈরবোদিতম্ । চিত্তে স্বাতন্ত্র্যভাবত্বাৎ তস্যানন্দময়াত্মনঃ ।।
তন্ময়ত্বাচ্চ ভাবানাং ভাবোচ্ছন্দসকারিণে । সুষুম্নান্তর্বিকাশায় সুরসঙ্ঘেন পীয়তে ।।
তস্মাদিমাং সুরাং দেবীং পূর্ণোঽহং তাং পিবাম্যহম্ ।।

ওঁ আজ্ঞা গুরুণাং করুণানিধিনাং মায়ামনুষ্যাকৃতিচিন্ময়াণাম্ ।
শ্রীকুন্ডলীতুন্ডচিতাগ্নিকুন্ডে বাচাং সুধাঞ্চৈব সমর্পয়ামি ।।
ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্ । ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্মসমাধিনা ।।
অহন্তাপাত্রসম্ভুতমিদন্তাপরমামৃতম্ । পরাহন্তাময়ে বহ্নৌ জুহোমি শিবরূপধৃক্ ।।
সবে ব্রহ্মার্পণমস্তু ।

জুহোমি ? বলিয়া দেবীর আজ্ঞা গ্রহণ করিবে ।
ও দেবী **জুষস্ব** বলিয়া আজ্ঞা দিয়াছেন মনে করিয়া পান করিবে ।

দ্বিতীয় পাত্র স্থাপন -

আত্মপাত্রে পুনরায় কারণ দিয়া , **শ্রীগুরুর ধ্যান** , যথাশক্তি **গুরুপূজা** ,
ও **গুরুপাদুকা মন্ত্র ১৮ বার জপ** করিবে ।

দ্বিতীয় পাত্র বন্দনা - (করজোড়ে পাঠ করিবে)

ওঁ হৈমং মীনরসাবহং দয়িতয়া দত্তঞ্চ পেয়াদিভিঃ ।
কিঞ্চিচ্চঞ্চলরক্তপঙ্কজদৃশা তস্যৈ সমাবেদিতম্ ।।
বামে স্বাদুবিশুদ্ধিশুদ্ধিকরণং পাণৌ নিধায়াত্মকে ।
বন্দেপাত্রমহং দ্বিতীয়মধুনানন্দৈকসম্বর্দ্ধনম্ ।।

বামহস্তে ত্রিখন্ডমুদ্রায় পাত্র ও দক্ষিণ হস্তে **মৎস্য** শুদ্ধি গ্রহণ করিয়া পাঠ করিবে -

(সমর্থ হইলে ওঁ সমুদ্রে মথ্যমানে .....ইত্যাদি সম্পূর্ণটাই পড়িবে)

ওঁ আজ্ঞা গুরুণাং করুণানিধিনাং মায়ামনুষ্যাকৃতিচিন্ময়াণাম্ ।
শ্রীকুন্ডলীতুন্ডচিতাগ্নিকুন্ডে বাচাং সুধাঞ্চৈব সমর্পয়ামি ।।
ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্ । ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্মসমাধিনা ।।
অহন্তাপাত্রসম্ভুতমিদন্তাপরমামৃতম্ । পরাহন্তাময়ে বহ্নৌ জুহোমি শিবরূপধৃক্ ।।
সবে ব্রহ্মার্পণমস্তু ।

জুহোমি ? বলিয়া দেবীর আজ্ঞা গ্রহণ করিবে ।
ও দেবী **জুষস্ব** বলিয়া আজ্ঞা দিয়াছেন মনে করিয়া পান করিবে ।

তৃতিয় পাত্র স্থাপন -

আত্মপাত্রে পুনরায় কারণ দিয়া , **ইষ্টের ধ্যান** করিয়া **১৮ বার ইষ্টমন্ত্র জপ** করিয়া পাত্র গ্রহণ করিবে ।***

(***বিঃদ্রাঃ - যাহারা কেবল ৩ পাত্র গ্রহণ করিবে তাহারা এইস্থানে পাত্র গ্রহণ করিবে না , পাত্র স্থাপন ও ইষ্টের ধ্যান করিয়া পুনরায় মূলমন্ত্রে করাঙ্গন্যাস হইতে আরম্ভ করিয়া একদম দক্ষিনান্ত অব্ধি করিয়া যাইবে , অতঃপর তৃতিয় পাত্র বন্দনা করিয়া পাত্রগ্রহণান্তে শ্রীপাত্র উত্তোলন করিবে ।)

তৃতিয় পাত্র বন্দনা - (করজোড়ে পাঠ করিবে)

ওঁ সর্ব্বাম্নায়াকলাকলাপকলিতং কৌতুহলদ্যোতনং ।
চন্দ্রোপেন্দ্রমহেন্দ্রশম্ভু বরুণব্রহ্মাদিভিঃ সেবিতং ।।
ধ্যাতং দেবগণৈঃ পরং মুনিগণৈর্মোক্ষার্থিভিঃ সর্বদা ।
বন্দে পাত্রমহং তৃতীয়মধুনা স্বাত্মাবোধক্ষমম্ ।।

বামহস্তে ত্রিখন্ডমুদ্রায় পাত্র ও দক্ষিণ হস্তে **মৎস্য** শুদ্ধি গ্রহণ করিয়া পাঠ করিবে -

(সমর্থ হইলে ওঁ সমুদ্রে মথ্যমানে .....ইত্যাদি সম্পূর্ণটাই পড়িবে)

ওঁ আজ্ঞা গুরুণাং করুণানিধিনাং মায়ামনুষ্যাকৃতিচিন্ময়াণাম্ ।
শ্রীকুন্ডলীতুন্ডচিতাগ্নিকুন্ডে বাচাং সুধাঞ্চৈব সমর্পয়ামি ।।
ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্মহবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্ । ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্মসমাধিনা ।।
অহন্তাপাত্রসম্ভুতমিদন্তাপরমামৃতম্ । পরাহন্তাময়ে বহ্নৌ জুহোমি শিবরূপধৃক্ ।।
সবে ব্রহ্মার্পণমস্তু ।

জুহোমি ? বলিয়া দেবীর আজ্ঞা গ্রহণ করিবে ।
ও দেবী **জুষস্ব** বলিয়া আজ্ঞা দিয়াছেন মনে করিয়া পান করিবে ।

চতুর্থ পাত্র স্থাপন -

আত্মপাত্রে পুনরায় কারণ দিয়া , মূলমন্ত্রে ৩ বার প্রাণায়াম করিয়া মূলপূজায় ফিরিয়া আসিবে ।

পুনরায় মূলমন্ত্রে করাঙ্গন্যাস করিবে -

মূলমন্ত্রে করন্যাস

(একাক্ষরি মন্ত্রের)

ক্রাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ।
ক্রীং তর্জনীভ্যাং স্বাহা ।
ক্রূং মধ্যামাভ্যাং বষট্ ।
ক্রৈং অনামিকাভ্যাং হুঁং ।
ক্রৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্ ।
ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ।

(বিদ্যারাজ্ঞী মন্ত্রের)

ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ ।
দক্ষিণেকালিকে তর্জনীভ্যাং স্বাহা ।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা মধ্যামাভ্যাং বষট্ ।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং অনামিকাভ্যাং হুঁং ।
দক্ষিণেকালিকে কনিষ্ঠাভ্যাং বৌষট্ ।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ।

মূলমন্ত্রে আঙ্গন্যাস

(একাক্ষরি মন্ত্রের)

ক্রাং হৃদয়ায় নমঃ ।
ক্রীং শিরসে স্বাহা ।
ক্রূং শিখায়ৈ বষট্ ।
ক্রৈং কবচায় হুঁং ।
ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্ ।
ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ।

(বিদ্যারাজ্ঞী মন্ত্রের)

ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং হৃদয়ায় নমঃ ।
দক্ষিণেকালিকে শিরসে স্বাহা ।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা শিখায়ৈ বষট্ ।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং কবচায় হুঁং ।
দক্ষিণেকালিকে নেত্রত্রয়ায় বৌষট্ ।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ।

দেবীর পূর্নধ্যান -

(একাক্ষরি মন্ত্রের ধ্যান)

ধ্যান - (১) ক্রীং মেঘাঙ্গীং বিগতাম্বরাং শবশিবারূঢ়াং ত্রিনেত্রাং পরাম্ ।
কর্ণালম্বিনিবালযুগ্মভয়দাং মুন্ডস্রজাংভীষণাম্ ।।
বামাধোর্দ্ধকরাম্বোজে নরশিরঃ খ^{ড}গঞ্চ সব্যেতরে ।
দানাভীতি বিমুক্তকেশনিচয়াং সদা বন্দে কালিকাম্ ।।

ধ্যান - (২) ক্রীং শবারূঢ়াং মহাভীমাং ঘোরদংষ্ট্রাং বরপ্রদাম্ ।
হাস্যযুক্তাং ত্রিনেত্রাঞ্চ কপালকর্ত্তৃকাকরম্ ।।
মুক্তকেশীং লোলজিহ্বাং পিবন্তিং রুধিরং মুহুঃ ।
চতুর্ব্বাহু সমাযুক্তাং বরাভয়করাং স্মরেৎ।।

(বিদ্যারাজ্ঞী প্রভৃতি মন্ত্রের ধ্যান)

ক্রীং করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভূজাম্ । কালিকাং দক্ষিণাং দিব্যাং মুন্ডমালা বিভুষিতাম্ ।।
সদ্যশ্ছিন্নশিরঃখ^{ড}গ বামাধোর্দ্ধকরাম্বুজাম্ । অভয়ং বরদঞ্চৈব দক্ষিণোর্দ্ধাধ পাণিকাম্ ।।
মহামেঘপ্রভাং শ্যামাং তথা চৈব দিগম্বরীম্ । কণ্ঠাবসক্তমুন্ডালীগলদ্-রুধিরচর্চ্চিতাম্ ।।
কর্ণাবতংসতানীত - শবযুগ্মভয়ানকাম্ । ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নতপয়োধরাম ।।
শবানাং করসংঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীম্ । শৃক্কদ্বয়গলদ্রক্ত - ধারা বিস্ফুরিতাননাম্ ।।
ঘোররাবং মহারৌদ্রিং শ্মশানালয়বাসিনীম্ । বালার্কমন্ডলাকার-লোচনত্রিতয়ান্বিতাম্ ।।
দন্তুরাং দক্ষিণব্যাপি মুক্তালম্বিকচোচ্চয়াম্ । শবরূপমহাদেব হৃদয়োপরি সংস্থিতাম্ ।।
শিবাভির্ঘোররাব-আভিশ্চতুর্দিক্ষু সমন্বিতাম্ । মহাকালেন চ সমং বিপরীতরতাতুরাম্ ।।
সুখপ্রসন্নবদনাং স্মেরাননসরোরুহাম্ । এবং সঞ্চিন্তয়েৎ কালীং ধর্ম্মকামার্থসিদ্ধিদাম্ ।।

ধ্যান করিয়া মূলাধারস্থিত কুলকুন্ডলিনীকে সুষুম্নাপথে সহস্রদলকমলে পরমাত্মার সহিত সংযুক্ত ভাবনা করিয়া হৃদয়স্থিত অষ্টদলপদ্মে আনয়নপূর্ব্বক মূলমন্ত্রসহযোগে দেবীর জ্যোতির্ময়ি মূর্তি চিন্তা করিবে । তদনন্তর **"যং"** এই বায়ুবীজ উচ্চারণ করিয়া বাম নাসাপুটে নিঃশ্বাসর সহিত দেবতাকে স্বহৃদয় হইতে হস্তস্থিত পুষ্পে আনয়নপূর্ব্বক কুর্মমুদ্রায় সম্মুখস্থ পূজাধারে / দেবীর মস্তকে স্থাপন করিবে ।

অতঃপর **মূলমন্ত্রে ৩** বার **অভ্যুক্ষণ** করিয়া **ধেনুমুদ্রায়** অমৃতিকরণ, পরমীকরণমুদ্রায় **পরমীকরণ** করিয়া **ভূতিনি** , **আকর্ষণী** , **যোনি** ও **ত্রিখন্ড মুদ্রা** প্রদর্শণ করিয়া করজোড়ে দেবীয় আবাহন স্তুতি পাঠ করিবে ।

ওঁ মহাপদ্মবনান্তঃস্থে কারণানন্দবিগ্রহে ।
সর্ব্বভূতহিতে মাতরেহ্যেহি পরমেশ্বরি ।।
ওঁ এহ্যেহি ভগবত্যম্ব ভক্তানুগ্রহবিগ্রহে ।
যোগিনীভিঃ সমং দেবী রক্ষার্থং মম সর্ব্বদা ।।
ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবার-সমন্বিতে ।
যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব ।।

আবাহনাদি পঞ্চমুদ্রায় দেবীর আবাহন করিবে -

ক্রীং শ্রীমন্ মহাকালভৈরবসহিতে পরিবার-গন-পরিবৃতে শ্রীমদ্দক্ষিণকালিকে দেবী
ইহাগচ্ছ ইহাগচ্ছ , ইহতিষ্ঠ ইহতিষ্ঠ , ইহসন্নিধেহি ইহসন্নিধেহি , ইহসন্নিরুদ্ধস্ব ইহসন্নিরুদ্ধস্ব ,
ইহসম্মুখীভব ইহসম্মুখীভব , অত্রাধিষ্ঠানং কুরু , মম পূজাং গৃহাণ ।।

হূং মন্ত্রে **অবগুণ্ঠন মুদ্র প্রদর্শণ** করিয়া দেবীর অঙ্গে **সকলিকরণ** করিবে -

নিম্নোক্ত মন্ত্রে **দেবী প্রতিমার** উক্ত সকল **অঙ্গে পুষ্প স্পর্শ করাইয়া ষড়ঙ্গন্যাস** করিবে ।

ক্রাং হৃদয়ায় নমঃ ।
ক্রীং শিরসি স্বাহা ।
ক্রূং শিখায়ৈ বষট্ ।
ক্রৈং কবচায় হূং ।
ক্রৌং নেত্রত্রয়ায় বৌষট্ ।
ক্রঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ।

(বিদ্যারাজ্ঞী মন্ত্রের)

ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং হৃদয়ায় নমঃ ।।
দক্ষিণেকালিকে শিরসি স্বাহা ।।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা শিখায়ৈ বষট্ ।।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং কবচায় হুঁং ।।
দক্ষিণেকালিকে নেত্রত্রয়ায় বৌষট্ ।।
ক্রীং ক্রীং ক্রীং হূং হূং হ্রীং হ্রীং স্বাহা করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ।।

চক্ষুর্দান ও প্রাণপ্রতিষ্ঠা

কুশ সহ গন্ধপুষ্পাদি দেবীর মস্তকে রাখিয়া **ক্রীং** বিজ **১৮** বার জপ করিয়া দেবীর মস্তক হইতে চরণ পর্যন্ত স্পর্শ করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে ।

(তন্ত্রশাস্ত্রে আলাদা চক্ষুর্দান বিহিত না হইলেও প্রাণপ্রতিষ্ঠামন্ত্রের অন্তর্গত বাঙ্মনশ্চক্ষুঃ ইত্যাদির দ্বারা তাহা সিদ্ধ হইতেছে । কিন্তু আচারের অনুরোধে নিম্নোক্ত প্রকারে চক্ষুর্দান করিবে)

চক্ষুর্দান -

দেবতার গায়ত্রী পাঠপূর্ব্বক প্রথমে দেবীর **উর্দ্ধনেত্রের** অতঃপর **বামনেত্রে** ও অন্তে **দক্ষিণনেত্রে** কজ্জ্বল পরাইয়া চক্ষুর্দান করিবে ।

কালী গায়ত্রী - ক্রীং কালিকায়ৈ বিদ্মহে শ্মশানবাসিন্যৈ ধীমহি তন্নো ঘোরে প্রচোদয়াৎ ক্রীং ।

করজোড় করিয়া বলিবে -

ওঁ ইদং নেত্রত্রয়ং দেবীং চন্দ্রসূর্যানলপ্রভম্ । তারাকারময়ং দেবী পশ্যত্বং ভুবনত্রয়ম্ ।।

অতঃপর দুর্ব্বা ,পুষ্প ,বিল্বপত্র ,আতপতন্ডুল লেলিহান মুদ্রায় গ্রহণ করিয়া দেবীর হৃদয় স্পর্শ করিয়া প্রাণপ্রতিষ্ঠা করিবে ।

আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া প্রাণা ইহ প্রাণা ।।
আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্দক্ষিণকালিয়াদেবতায়া জীব ইহ স্থিত ।।
আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়াঃ সর্ব্বেন্দ্রিয়াণি ।।
আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীমদ্দক্ষিণকালিকাদেবতায়া
বাঙ্মনশ্চক্ষু-ত্বক্-শ্রোত্র-ঘ্রাণ-প্রাণা ইহাগত্য সুখং চিরং তিষ্ঠন্তু স্বাহা ।।

ইহার পর দেবীর গন্ড স্পর্শ করিয়া পাঠ করিবে -

অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্তু । অস্যৈ প্রাণাঃ ক্ষরন্তু চ । অস্যৈ দেবত্ব সংখ্যায়ৈ স্বাহা ।।
ওঁ মনোজূতির্জ্জুষতামাজস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু ।
বিশ্বে দেবাস ইহ মাদয়ন্তামোম্ প্রতিষ্ঠ ।।

অতঃপর করজোড় করিয়া বলিবে -

ওঁ সর্ব্বযজ্ঞময়ং তেজঃ সর্ব্বভূতময়ং বপুঃ ।
ইয়ং তে কল্পিতা মূর্তিরত্র ত্বাং স্থাপয়াম্যহম্ ।।

(প্রার্থণান্তে দেবীর ললাটে ও সিমন্তে সিন্দুর তিলক দিয়া চরণে পুষ্পার্ঘ্য দিয়া সাষ্টাঙ্গ প্রণাম করিবে ।)

প্রণামানান্তে দেবীকে মিষ্টান্ন নৈবেদ্য নিবেদন পূর্ব্বক **পঞ্চোপচার পূজা** করিয়া **কর্পূরারতি** করিবে ।

আরাত্রিকান্তে **আসনাদি ষোড়শোপচার দ্রব্য** পৃথক পৃথক বা একত্রে **অর্চ্চণা করিয়া** নিবেদনের বিশেষ মন্ত্রাদি পাঠ করিয়া নিবেদন করিবে ।

প্রধান পূজা

১. রজতাসন -

ওঁ প্রসিদ জগতাং মাতঃ সংসারার্ণবতারিণী ।
ময়া নিবেদিতং ভক্ত্যা আসনং সফলং কুরু ।।
ওঁ সর্ব্বভূতান্তরস্থায়ৈ সর্ব্বভূতান্তরাত্মনিলয়ে ।
কল্পয়াম্যুপবেশার্থম্ আসনন্তে নমো নমঃ ।।
(মূলমন্ত্র) ইদং রজতাসনম্ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।

২. স্বাগত -

ওঁ যস্যা দর্শনমিচ্ছন্তি দেবাঃ স্বাভিষ্টসিদ্ধয়ে ।
তস্যৈতে পরমেশানি স্বাগতম্ স্বাগতঞ্চমে ।।
(মূলমন্ত্র) শ্রীমদ্দক্ষিণকালিকেদেবী স্বাগতম্ সুস্বাগতঞ্চ তে ।

৩. পাদ্য -
(পাদ্যপাত্রের কারণ মিশাইবে)

ওঁ পাদ্যং গৃহ্ন মহাদেবী সর্ব্বদুঃখাপহারিণী ।
ত্রায়স্ব বরদে দেবী নমস্তে শঙ্করপ্রিয়ে ।।
ওঁ যৎপাদজলসংস্পর্শাৎ শুদ্ধিমাপ জগৎত্রয়ম্ ।
তৎপাদাব্জপ্রোক্ষণার্থং পাদ্যন্তে কল্পয়াম্যহম্ ।।
(মূলমন্ত্র) এতৎ পাদ্যং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।

৪. অর্ঘ্য -

ওঁ তাপত্রয়হরং দিব্যং পরমানন্দলক্ষণম্ ।
তাপত্রয়বিমোক্ষায় তবার্ঘ্যং কল্পয়াম্যহম্ ।।
ওঁ যঃ প্রাণবিন্দুর্মদিয়ো মহাপ্রাণাম্বুধৌ ত্বয়ি
সোঽহংসম্মিলিতোমাতরিত্যর্ঘ্যং কল্পয়ামিতে ।।
(মূলমন্ত্র) এষ অর্ঘ্যঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ স্বাহা ।

৫. আচমনীয় -
(আচমনীয়পাত্রের কারণ মিশাইবে)

ওঁ মন্দাকিন্যাস্তুযদ্বারি সর্ব্বপাপহরং শুভম্ ।
গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতম্ ।।
ওঁ যদুচ্ছিষ্টমপস্পৃষ্টং শুদ্ধিমেত্যখিলং জগৎ ।
তস্যৈমুখারবিন্দায় আচমং কল্পয়ামি তে ।।
(মূলমন্ত্র) ইদং আচমনিয়োদকং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ স্বধা ।

৬. মধুপর্ক -

ওঁ মধুপর্কং মহাদেবী ব্রহ্মাদ্যৈঃ পরিক্লপিতম্ ।
ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি ।।
ওঁ তাপত্রয়বিনাশার্থম্ অখন্ডানন্দহেতবে ।
মধুপর্কং দদামাদ্য প্রসীদ পরমেশ্বরি ।।
(মূলমন্ত্র) এষ মধুপর্ক শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ স্বধা ।

৭. পুনরাচমনীয় - ওঁ উচ্ছিষ্টমপ্যশুচির্বা যস্যা স্মরণমাত্রতঃ ।
(আচমনীয়পাত্রের কারণ মিশাইবে) শুদ্ধিমাপ্নোতি তস্যৈতে পুনারাচমনীয়কং ।।
ওঁ অশুচিঃ শুচিতামেতি যৎস্পৃষ্টস্পর্শমাত্রতঃ ।
অস্মিংস্তেবদনাম্ভোজর পুনরাচমনীয়কম্ ।।
(মূলমন্ত্র) ইদং পুনরাচমনিয়োদকং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ স্বধা ।

৮. গন্ধতৈল - ওঁ স্নেহং গৃহাণ স্নেহেন লোকানং হিতকারিণী ।
সর্ব্বলোকেষু শুদ্ধা ত্বং দদামি স্নেহমুত্তমম্ ।।
(মূলমন্ত্র) ইদং গন্ধতৈলং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।

৯. স্নানীয় - ওঁ জলঞ্চ শিতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরম্ ।
স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং প্রতিগৃহ্যতাম্ ।।
ওঁ যত্তেজসা জগদ্ব্যাপতং যেনো জাতমিদং জগৎ ।
জগদাধারভূতায়ৈ স্নানার্থং তোয়মর্পয়ে ।।
(মূলমন্ত্র) ইদং স্নানার্থোদকং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।

ঘন্টা বাজাইতে বাজাইতে নিম্নোক্ত মন্ত্রে বানেশ্বরের উপর দেবীকে স্নান করাইবে -

ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী । সরযুর্গন্ডকি পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী ।।
ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা । সর্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তুতাঃ ।।
ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্ হোতারং রত্নধাতমম্ ।।
ওঁ ইষে ত্বোর্জ্জে ত্বা বায়ব স্থ দেবো বঃ সবিতা প্রার্পয়তু শ্রেষ্ঠতমায় কর্মণে ।।
ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নি হোতা সৎসি বর্হিষি ।।
ওঁ শন্নো দেবীরভিষ্টয়ে শন্নো ভবন্তু পীতয়ে শং যোরভিস্রবন্তু নঃ ।।
ওঁ কালিকায়ৈ বিদ্মহে শ্মশান বাসিন্যৈ ধীমহি তন্ন ঘোরে প্রচোদয়াৎ ওঁ ।।

স্নানিয় নিবেদনান্তে সুক্ষ্মবস্ত্র দ্বারা মনে মনে দেবীর গাত্র মার্জ্জণ করিবে ।

কুশি করে সামান্যার্ঘ্যের জল দিবে - **(মূলমন্ত্র) ইদং আচমনিয়োদকং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ স্বধা ।**

১০. বস্ত্র - ওঁ বহুতন্তুসমাযুক্তাং পট্টসুত্রাদি নির্মিতম্ ।
বসনং দেবী সুক্ষ্মঞ্চ গৃহাণ মম ভাবতঃ ।।
তন্তুসন্তানসন্নধং রঞ্জিতং রাগবস্তুনা ।
মহাদেবী ভজপ্রীতিং বাসস্তে পরিধিয়তাম্ ।।
ওঁ সর্ব্বাবরণহীনায়ৈ মায়াপ্রচ্ছন্নতেজসে।
বাসসী পরিধানায় কল্পয়ামি নমোহস্তুতে।।
ত্বং দেবী পরমেশানী পরঃব্রহ্ম স্বরূপিণী ।
গৃহ্ন বস্ত্রমিদং দেবী যজ্ঞসুত্রং ইদং শুভে ।।
(মূলমন্ত্র) ইদং সোপবীত (সোত্তরিয়) বস্ত্রং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।

১১. আভরণ - ওঁ দিব্যরত্নসমাযুক্তাং বহ্নি ভানু সমপ্রভম্ ।
গাত্রাণি শোভয়িষ্যান্তি অলঙ্কারা মহেশ্বরী।।
ওঁ বিশ্বাভরণভূতায়ৈ বিশ্বশোভৈকযোনয়ে ।
মায়াবিগ্রহভূষার্থং ভূষণানি সমর্পয়েৎ।।
(মূলমন্ত্র) ইদং (রজতাভরণং) কাঞ্চনাভরণং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।

১২. শঙখাভরণ - ওঁ শঙ্খোয়ং বিবিধৈশ্চিত্রং করয়োর্ভূষণং তব ।
দিয়তেচ ময়া ভক্ত্যা গৃহ্যতাং পরমেশ্বরি ।।
ওঁ শঙ্খঃ কুন্দেন্দুধবল বিচিত্রঃ পাণিভূষণম্।
ময়া নিবেদিতং ভক্ত্যা শঙ্খাভরণমুত্তমম্ ।
(মূলমন্ত্র) ইদং শঙ্খাভরণযুগলং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।

১৩. সিন্দুর - ওঁ শিরোভূষণসিন্দুরং ভর্তুরায়ুর্বিবর্ধনম্ ।
সর্বরত্নাধিকং দিব্যং সিন্দুরং প্রতিগৃহ্যতাম্।।
(মূলমন্ত্র) ইদং সিন্দুরং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।

১৪. নেত্রাঞ্জন - ওঁ অঞ্জনং পরমং রম্যং নেত্রয়োর্ভূষণং মহৎ ।
গৃহাণ বরদে দেবী প্রসিদ বরবর্ণিনী ।।
(মূলমন্ত্র) ইদং নেত্রাঞ্জনং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।

১৫. অলক্ত - ওঁ পাদয়োঃ শোভনং দিব্যমলক্তং সুমনোহরম্ ।
ময়া নিবেদিতং ভক্ত্যা স্থানং দেহি পদাম্বুজে ।।
(মূলমন্ত্র) ইদম্ অলক্তং শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতয়ৈ নিবেদয়ামি ।

(প্রসাধন দ্রব্যদি একত্রে অর্চ্চণান্তে নিবেদন করিবে -
(মূলমন্ত্র) ইমানি **প্রসাধনদ্রব্যানি** শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নিবেদয়ামি ।)

১৬. গন্ধ - ওঁ শরিরং তে ন জানামি চাষ্ট্যং নৈব চ নৈব চ ।
ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যাতাম্ ।।
ওঁ গন্ধ তন্মাত্রয়াসৃষ্টা যেন গন্ধ ধরাধরা ।
পরমাত্মা স্বরূপায়ৈ পরমং গন্ধমর্পয়ে ।।
(মূলমন্ত্র) ইষ গন্ধ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।

১৭. পুষ্প - ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্মিতম্ ।
হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবী দত্তং প্রগৃহ্যতাম্ ।।
(মূলমন্ত্র) ইমানি সচন্দন কুসুমানি শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতয়ৈ বৌষট্ ।

১৮. বিল্বপত্র - ওঁ অমৃতোদ্ভবমালূরঃ শঙ্করস্য সদা প্রিয়ঃ ।
বিল্বপত্রং প্রযচ্ছামি পবিত্রং তে সুরেশ্বরি ।।
(মূলমন্ত্র) ইদং সচন্দন বিল্বপত্রং শ্রীমদ্দক্ষিণাকালিকা দেবতায়ৈ বৌষট্ ।

১৯. পত্র-পুষ্পমাল্য - **ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতম্ ।**
শ্রীযুক্তং লম্বোমানঞ্চ গৃহাণ পরমেশ্বরি ।
ওঁ অমৃতোদ্ভবমালূরঃ শঙ্করস্য সদা প্রিয়ঃ ।
পত্র মাল্যং প্রযচ্ছামি পবিত্রং তে সুরেশ্বরি ।।
(মূলমন্ত্র) ইদং সচন্দন পত্র-পুষ্পমাল্যং শ্রীমদ্দক্ষিণাকালিকা দেবতায়ৈ বৌষট্ ।

২০. ধূপ - **ওঁ বনস্পতিরসো দিব্যো গন্ধাঢ্যঃ সুমনোহরঃ ।**
আঘ্রেয়ঃ সর্ব্ব দেবানাং ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ।।
(মূলমন্ত্র) এষ ধূপঃ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।
(দেবী গায়ত্রী পাঠ পূর্ব্বক দেখাইবে)

২১. দীপ - **ওঁ সুপ্রকাশো মহাদীপঃ সর্ব্বতস্তিমারাপহঃ ।**
সবাহ্যাভ্যন্তরজ্যোতির্দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্ ।।
(মূলমন্ত্র) এষ দীপ শ্রীমদ্দক্ষিণকালিকা দেবতায়ৈ নমঃ ।।
(দেবী গায়ত্রী পাঠ পূর্ব্বক দেখাইবে)

২২. **শুদ্ধাসব -** যথাবিহিত পাত্রে শুদ্ধি ও আসব লইয়া আধারে স্থাপন করিয়া অর্চ্চণান্তে নিম্নোক্ত মন্ত্র পাঠ করিয়া ৭ বার (বা ১ বার) জল প্রোক্ষণ পূর্ব্বক অভিমন্ত্রিত করিবে -

ওঁ কালী কালী হূং হূং অমৃতমাসবং বিধিবৎ স্বাদুং কুরু কুরু স্বাহা ।

